সংবাদ

তারিখ 06 DEC 2006 পৃষ্ঠা ১ কলাম ৪


### সিলেবাসের বাইরে প্রশ্ন

# সাটুরিয়া ডিগ্রি কলেজে শিক্ষার্থীদের ভাঙচুর : অধ্যক্ষের অপসারণ দাবি

**প্রতিনিধি, সাভার**

সিলেবাসের বাইরে থেকে এইচএসসি নির্বাচনী পরীক্ষার প্রশ্ন করায় সোমবার সাটুরিয়া কালুশাহ ডিগ্রি কলেজে ব্যাপক ভাঙচুর করেছে শিক্ষার্থীরা। এ সময় তারা ভারপ্রাপ্ত অধ্যক্ষ জাহিরুল ইসলাম টিটুর অপসারণের দাবিতে সড়ক অবরোধ করে।

[illegible] ভারপ্রাপ্ত অধ্যক্ষ টিটু ৪ ... শতাধিক পরীক্ষার্থীর বিরুদ্ধে জিডি ও ৩ সদস্যের তদন্ত টিম গঠন করেছেন। এদিকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের অপসারণ না হওয়া পর্যন্ত পরীক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নিয়েছে।

জানা গেছে, সোমবার সকাল ১১টায় সাটুরিয়া কালুশাহ ডিগ্রি কলেজের ৪ শতাধিক পরীক্ষার্থী নির্বাচনী পরীক্ষায় ইংরেজি প্রথমপত্র পরীক্ষা দিতে যায়। সিলেবাসের বাইরে প্রশ্ন করায় পরীক্ষার্থীরা বিষয়টি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জাহিরুল ইসলাম টিটুকে জানায়। এতে অধ্যক্ষ তাদের পরীক্ষা না দিয়ে বাড়ি চলে যেতে বলেন।

এ সময় পরীক্ষার্থীরা কলেজে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর ও আসবাবপত্র তছনছ করলে শিক্ষকরা ভয়ে একটি কক্ষের ভেতর ঢুকে সিটকিনি লাগিয়ে দেন। পরে পরীক্ষার্থীরা তাদের অবরুদ্ধ করে রাখে। এরপর পরীক্ষার্থীরা ভারপ্রাপ্ত অধ্যক্ষের অপসারণ দাবিতে সাটুরিয়া-দরগ্রাম সড়ক দেড় ঘণ্টার জন্য অবরোধ করে। পুলিশ অবরোধ তুলে নেয়ার অনুরোধ জানালে অবরোধকারীরা অবরোধ তুলে নেয়।

এ ঘটনায় প্রফেসর মুফতি আহাম্মেদকে আহ্বায়ক করে ৩ সদস্যের তদন্ত টিম গঠন করা হয়েছে। ৭ দিনের মধ্যে তদন্ত টিমের প্রতিবেদনের সময়সীমা বেঁধে দেয়া হয়েছে। তবে ভারপ্রাপ্ত অধ্যক্ষ জাহিরুল ইসলাম টিটু ও পরীক্ষা কমিটির অপসারণ না হওয়া পর্যন্ত পরীক্ষার্থীরা কোন পরীক্ষায় অংশ নেবে না।